২৩।হে স্বর্গীয় পিতা, অনুগ্রহ করে বেহেরীনে লিঙ্গ-ভিত্তিক হিংস্রতা সমাপ্ত করো।হিংস্রতার দ্বারা বিপর্যস্ত মহিলাদের আরোগ্য করো এবং পুনরুদ্ধার করো। (গীত১৪৭:৩)

২৪।হে ঈশ্বর, আমাদের মধ্য এশিয়ার পরিবাগুলি যেন বিচ্ছিন্ন অথবা ভেঙ্গে না যায়তার জন্য প্রার্থনা করি যেহেতু অসংখ্য পিতারা কাজের জন্য বিদেশে চলে যায়,শিশুদের লালন পালন করার জন্য মায়েদের একা রেখে যায়। (মালাখি ২:১৬)

২৫।হে প্রভু, উত্তর আফ্রিকার সেই সমস্ত মহিলা এবং পরিবারগুলির মধ্যে সুরক্ষাএবং আরোগ্য আনো যারা শারীরিক এবং আবেগজনিত অত্যাচারে ক্লেশভোগকরছে। (গীত ১০:১৭-১৮)

২৬।হে পিতা, মাদকাসক্তির কারণে যে সমস্ত ইস্রায়েলীয় মহিলারা পতিতাবৃত্তিরজালে আবদ্ধ হচ্ছে তাদের মধ্যে আরোগ্য এবং পুনরুদ্ধার আনো।(হিতোপদেশ২৪:১১-১২)

২৭।হে প্রভু, আমরা তিউনেশিয়ায় ন্যায়বিচার এবং মহিলাদের অধিকারের জন্যপ্রার্থনা করি।সেখানকার মহিলারা যেন সাম্যতা এবং জীবনের সমস্ত বিষয় ন্যায্যবিচার লাভ করে। (মীখা ৬:৮)

২৮। হে ঈশ্বর, আলজেরিয়ার মহিলাদের চাকরীর এবং শিক্ষার সুযোগগুলি যেনবৃদ্ধি পায়।তারা যখন তাদের স্বপ্নগুলোর পশ্চাতে ধাবিত হচ্ছে তখন তা যেন তাদেরসমাজে ইতিবাচক প্রভাব রাখে। (হিতোপদেশ ১৮:১৫)

২৯।হে পিতা, দক্ষিণ কাজাকিস্তানের বিশ্বাসী মহিলাদের আত্মীয়দের তোমার নিজেরকাছে নিয়ে এসো। তারা যেন ঈশ্বরের বিশ্বাস এবং যীশুতে আশা খুঁজে পায়।(প্রেরিত২:৩৯)

৩০।হে প্রভু,মধ্য এশিয়া থেকে যে মেয়েরা অধ্যয়ন করার জন্যে উত্তর সাইপ্রাসেআসে তুমি তাদের রক্ষাকারী হও। যেহেতু তাদের মধ্যে অনেকেই মহিলাদের উপরসাংস্কৃতিক বিধিনিষেধ থেকে তারা প্রথম স্বাধীনতার আস্বাদন লাভ করে, তারা যেনযীশুতে তাদের প্রকৃত স্বাধীনতা খুঁজে পায়। (গালাতীয় ৫:১)

৩১। হে পিতা, তুরস্কের দুটি রাজনৈতিক দলের মধ্যে শান্তি আনো, যেহেতু গতনির্বাচনের ফলাফলের পার্থক্য খুবই কম ছিল। তাদেরকে একসাথে কাজ করতেশেখাও(রোমীয় ১২:১৬)

## বাংলাদেশের জন্য বিশেষ প্রার্থন

১। বর্তমানে বাংলাদেশে এলাকা ভিত্তিক ভোট চলছে যা আগামীতে পার্লামেন্ট ভোটের জন্য খুবই গুরুত্বপূর্ণ, তাই প্রার্থনা করবেন যেন ঈশ্বর দেশেকে ভালবাসে এবং ঈশ্বরকে ভাল ভয় করে এমন নেতাদেরকে মনোনীত করেন।

২। এখনো বিভিন্ন জায়গায় ঈশ্বরের বিশ্বাসীগণ প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে বিভিন্নভাবে অত্যাচারিত হচ্ছে, বিশেষভাবে যারা সুসমাচার নিয়ে কাজ করে তারা বিভিন্ন বৈষম্যের শিকার হচ্ছে। তাদের জন্য প্রার্থনা করবেন যেন ঈশ্বর তার সন্তানদেরকে তার পক্ষের নিচে করে রক্ষা করেন এবং কার্যকর ভাবে তাদের ব্যবহার করেন।

৩। বাংলাদেশের নারীরা যেন সেক্স-ট্রাফিক-এর ফাঁদে না পরে এবং ঈশ্বর যেন বাংলদেশের পরিবার ও সমজে আত্মিক উদ্দীপনায় নারীদেরকে আর বেশি ব্যবহার করেন।

후원안내

국민은행 851-01-0003-724 북방선교방송

최초 입금 후 사무실로 연락 주시기 바랍니다

TWR WOMEN OF HOPE 소망의 여인들

# Women of Hope

Prayer Calendar

২। প্রতি মাসে প্রকাশিত 'প্রত্যাশাময়ী নারী' নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাসায় অনুবাদিত হচ্ছে, এবং ৬৫০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।



**2023. 10.**

## ক্যামেনা ( CAMENA) অঞ্চলে মহিলাদের জন্য প্রার্থনা2

দক্ষিণ-পূর্ব তুর্কিতে 2022 সালের জুলাই মাসে কুরমানজি উইমেন অফ হোপ অনুষ্ঠানের সম্প্রচার শুরু হয়েছিল । এটি মহিলাদের জীবনের বিভিন্ন পরিস্থিতিতে তাদের কাছে পৌঁছানোর লক্ষ্য নিয়ে সপ্তাহে দুবার সম্প্রচারিত হয়। উইমেন অফ হোপ টিমের জন্য প্রার্থনা করবেন তারা কঠিন পরিস্থিতিতে কাজ করার জন্য সমর্পিত। ক্যামেনা অঞ্চলের মহিলারা, প্রধানতঃ মুসলিম দেশগুলিতে, TWR-এর উইমেন অফ হোপ-এর সম্প্রচার শুনে সান্ত্বনা পায় এবং যীশু, যিনি তাদের আশ্রয় তাঁর উপর নির্ভর করে।

**TWR Korea 북방선교방송**

서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층

전화 (02)886-5671 / 이메일 phkorea@twrk.or.kr

## আন্তরিক ভাবে প্রার্থনা করছি।

১। হে প্রভু, আমরা তুর্কী এবং সিরিয়ার সেই সমস্ত খ্রীষ্টানদের আশীর্ব্বাদের জন্যপ্রার্থনা করি যারা এ বছর ভূমিকম্পে তাদের প্রিয়জনদের হারিয়েছে।তারা যেনঅন্যদের কাছে আলো হতে পারে। (মথি ৫:১৬)

২। হে পিতা, উত্তর আফ্রিকার যে মহিলারা তাড়না এবং চার্চ বন্ধ করার বিষয়েকষ্টভোগ করছে সেই সমস্ত মহিলাদের আত্মিক খাদ্য দানের জন্য আশাময়ী নারীকাবাইল অনুষ্ঠানটিকে ব্যবহার করো। (যোহন ১৫:৪-৫)

৩।হে প্রভু,ইস্রায়েলের কর্মীদের এবং বিভিন্ন সংস্থাগুলিকে সুরক্ষা করো যারা যৌনঅত্যাচারে বিপন্ন হচ্ছে। আরও অধিক অংশীদারত্ব বিকশিত করো যাতে আমাদেরগুপ্ত রত্নভাণ্ডার অনুষ্ঠানটি ব্যবহার করা যায়। (২ তীমথিয় ৪:১৮)

৪।হে ঈশ্বর, অনুগ্রহ করে তুরস্কের যুবকযুবতীদের সুরক্ষিত করো যাদের অধ্যয়নেরজন্য বিদেশে যাত্রা করতে হচ্ছে কারণ তাদের স্বদেশের বিশ্ববিদ্যালয়গুলির খরচঅনেক বেশী।(২ শমূয়েল ২২:৩-৪)

৫।যেহেতু উত্তর আফ্রিকায় দারিদ্রতা বৃদ্ধি পাচ্ছে, সেহেতু আমাদের ট্রান্স ওয়ার্ল্ডরেডিও আশাময়ী নারী দলটিকে প্রজ্ঞা দাও যেহেতু তারা লোকদের মানবিক এবংআত্মিক প্রয়োজনগুলি পূরণ করার চেষ্টা করছে। (হিতোপদেশ ১৯:১৭)

৬।হে প্রভু,তাজিকিস্তানের স্বামীদের দ্বারা পরিত্যক্ত মায়েদের যা কিছু প্রয়োজনজুগিয়ে দাও। অনেকে প্লাস্টিকের বোতলগুলো সংগ্রহ করে এবং বিক্রি করে তাদেরসন্তানদের খাবার জোগার করে। সরকার যেন এই মহিলাদের সাহায্য করতে পারে।(দ্বি:বি:৩১:৮)

৭।হে পিতা,উত্তর সাইপ্রাসের প্রথম ছোট দলটি থেকে যেন অনেক প্রার্থনার দল বৃদ্ধিপায় এবং আত্মিকভাবে তাদের গভীরতা দান করো। হে পবিত্র আত্মা, এই প্রার্থনাআন্দোলনকে পরিচালিত করো। (রোমীয় ৮:২৬)

৮।উত্তর আফ্রিকার অনেকে তাদের নিজেদের সম্পর্কে এবং যে কোনও বিষয় তাদেরআশা, জীবনের অর্থ এবং মূল্যবোধের চেতনা হারিয়ে ফেলেছে। মহিলারা যেনযীশুতে তাদের প্রকৃত উদ্দেশ্য এবং মূল্য খুঁজে পায়! (মথি ৬:৩৩)

৯।হে ঈশ্বর, আমরা সৌদি আরবের মহিলাদের জন্য প্রার্থনা করি যাতে তারা তাদেরকর্মক্ষমতা অনুসারে কাজ করার জন্য সমান সুযোগ পায়। তারা যেন আশাময়ী নারীঅনুষ্ঠানগুলির মাধ্যমে ঈশ্বরে শান্তি খুঁজে পায়।(গালাতীয় ৩:২৮)

১০।হে পিতা, আমরা কুর্দিশ মহিলাদের জন্য প্রার্থনা করি যারা অত্যাচারিত হচ্ছে।তারা যেন সেই সমস্ত লোকদের খুঁজে পায় যারা তাদের সাহায্য করবে এবং খ্রীষ্টেতারা যেন আরোগ্য লাভ করে। (যিরমিয় ৩৩:৬)

১১।কারাকালপাকস্তানে এখনো ওঝা এবং যাদুবিদ্যা প্রচলিত আছে। হে প্রভু,আজও যারা এই সমস্ত কাজের সঙ্গে যুক্ত আছে তারা যেন তোমাকে লাভ করে এবংযীশু খ্রীষ্টে আরোগ্য খুঁজে পায়। (প্রেরিত ১৯:১৮-২০)

১২।হে ঈশ্বর, আমরা তোমার প্রশংসা করি, কারণ আমাদের দলগুলি উত্তরআফ্রিকার অ্যামাজি এলাকায় মহিলাদের পরিচর্যা করছে। দলগুলিকে আশীর্ব্বাদকরো, যেহেতু তারা যখন মহিলাদের আবেগসংক্রান্ত এবং আত্মিক সাহায্য দিচ্ছেতখন মহিলারা তাদের জীবনে আত্মিক দৃষ্টিভঙ্গী লাভ করছে।(রোমীয় ১২:১-২)

১৩।কিজগিজস্তানের আশাময়ী নারী অনুষ্ঠানগুলি এবং সামাজিক প্রচারমাধ্যমগুলি যেন খ্রীষ্টান মহিলাদের বিশ্বাসকে শক্তিশালী করতে পারে যাতে তারাপরিবারের সেই সমস্ত সদস্যদের কাছে আত্মিক আলো হতে পারে যারা খ্রীষ্টকেজানে না। (ইফিষীয় ৫:৮)

১৪।হে ঈশ্বর, আমরা সেই সমস্ত লোকদের জন্য প্রার্থনা করি যারা কুর্দিশ আশাময়ীনারী অনুষ্ঠানটির শ্রোতাদের সঙ্গে ভাব বিনিময় করে। কীভাবে সাড়া দিতে হবে সেইবিষয়ে তাদের প্রজ্ঞা দাও এবং ঈশ্বরের ভালোবাসা এবং তাঁর সত্য সহভাগিতা করারজন্য তাদের সাহস দাও। (রোমীয় ১:১৬)

১৫।আশাময়ী নারী আরবীয় অনুষ্ঠানগুলি যেন লেবাননের মহিলাদের উৎসাহিতকরতে পারে যারা আর্থিক এবং রাজনৈতিক সঙ্কটের মধ্যে দিয়ে যাচ্ছে এবংতাদেরকে তাদের সমাজে পরিবর্তনের এজেন্ট হতে সাহায্য করো। (ইষ্টের ৪:১৪)

১৬।হে প্রভু, তুমি তুর্কমেনিস্তানের পরিবারগুলির মধ্যে ঐক্য এবং সংহতি আনো।সেখানে পরিযায়ী শ্রমিক এবং বিবাহ-বিচ্ছেদ একটি সাধারণ সমস্যা, যার ফলেশিশুরা বাবা এবং মা উভয়কে ছাড়াই বড় হয়।(গীত ১৩৩:১)

১৭।আমরা ইরানের মহিলাদের জন্য প্রার্থনা করি যারা তাদের স্বাধীনতা এবংঅধিকারের জন্য অবিরত সংগ্রাম করার ঝুঁকি নিচ্ছে। হে ঈশ্বর, অনুগ্রহ করে এইসাহসী মহিলাদের সুরক্ষিত করো এবং ন্যায়বিচারের জন্য তাদের ক্রন্দনের উত্তরদাও। (গীত ১২১:৭-৮)

১৮। হে প্রভু, প্যালেস্টাইনের যে মহিলারা শান্তির জন্য এবং ঈশ্বরের সঙ্গে সম্মিলিতহওয়ার জন্য আকাঙ্ক্ষিত তাদের সান্ত্বনা দাও এবং তারা যেন আরবীয় ভাষায়আশাময়ী নারী অনুষ্ঠানগুলি শুনে আশা খুঁজে পায়।(রোমীয় ৫:১১)

১৯।হে পিতা, উজবেকিস্তানে অল্প বয়েসী বালিকাদের বিবাহ করতে বাধ্য করা থেকেসুরক্ষিত করো। (যিরমিয় ১:৮)

২০।উত্তর সাইপ্রাসে বিবাহ-বিচ্ছেদের হার অনেক বেশী। হে প্রভু সেখানে বিবাহিতদম্পতিরা যেন "কেউ কারোর সাথে যুক্ত নয় " জনপ্রিয় চিন্তাটিকে প্রত্যাখ্যান করতেপারে এবং তার পরিবর্তে তারা যেন বিশ্বস্ততা এবং স্বার্থহীনতাকে সাগ্রহে গ্রহণ করে(মথি ১৯:৬)।

২১।হে প্রভু, আমরা কুর্দিশ ভাষায় আশাময়ী নারী অনুষ্ঠানগুলি অনুবাদকরণ,প্রাসঙ্গিককরণ এবং প্রয়োজনার জন্য প্রার্থনা করি। এই সম্প্রচারগুলি যেনশ্রোতাদের হৃদয়কে স্পর্শ করে। (কলসীয় ৩:১৬)

২২।হে ঈশ্বর,উজবেকিস্তানের অসংখ্য মহিলাদের আত্মহত্যা এবং আশাহীনতারমানসিকতাকে বন্ধ করো। তোমাতে আশা পাওয়ার জন্য তাদের মুক্ত করো।(যিরমিয়২৯:১১)